

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড  
হেড অফিস, ঢাকা  
কমপ্লায়েন্স ডিপার্টমেন্ট

নং ১৫.২/

ফেব্রুয়ারী ০৩, ২০২২  
মাঘ ২০, ১৪২৮


প্রজ্ঞাপন নং- ০১/২০২২

বিষয়ঃ ব্যাংকের হেড অফিস হতে জারিকৃত সার্কুলার, নীতিমালা, স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি  
সংশ্লিষ্ট কার্যালয়ের সকল কর্মকর্তার জ্ঞাতার্থে প্রচারকরণ প্রসঙ্গে।

প্রায়শঃ লক্ষ্য করা যায়, ব্যাংকের হেড অফিস থেকে জারিকৃত বিভিন্ন সার্কুলার, নীতিমালা, স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি সংশ্লিষ্ট কার্যালয়ের সকল কর্মকর্তাকে অবহিত না করে শুধুমাত্র অফিস/ডিভিশন/ডিপার্টমেন্ট/ইনস্টিটিউট/জোনাল অফিস/ব্রাঞ্চ হেডগণ অবহিত হওয়ার পর তা নথিভুক্তির ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। সে কারণে সংশ্লিষ্ট কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাগণ অনেক সময় জারিকৃত নির্দেশনার ব্যাপারে অবগত হতে পারেন না। ফলে তা যথাযথভাবে পরিপালনে সমস্যার সৃষ্টি হচ্ছে।

০২। বিবৃত প্রেক্ষিতে, অদ্য ০৩/০২/২০২২ তারিখ হতে জারিকৃত সকল সার্কুলার, নীতিমালা, স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি সংশ্লিষ্ট কার্যালয়ের সকল কর্মকর্তার জ্ঞাতার্থে প্রচার করতঃ স্বাক্ষর গ্রহণের নির্দেশনা দেয়া হ'ল। অভ্যন্তরীণ নিরীক্ষা দল সংশ্লিষ্ট অফিস/ডিভিশন/ডিপার্টমেন্ট/ইনস্টিটিউট/জোনাল অফিস/ব্রাঞ্চ নিরীক্ষাকালে বিষয়টি যাচাই করবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রজ্ঞাপনটি জারি করা হ'ল।

  
(পরিতোষ সর্বকার)  
০৩.০২.২০২২  
জেনারেল ম্যানেজার

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সকল ডিপার্টমেন্ট/ইনস্টিটিউট, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।
- ২। জোনাল ম্যানেজার ও ম্যানেজার, সকল জোন ও ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।
- ৩। জেনারেল ম্যানেজারগণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
- ৪। ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।